

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৭৮৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. প্রথম অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

بَابُ الْبَيَانِ وَالشِّعْرِ

আরবী

وَعَنْ أُبِيّ بْنِ كَعْبٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ مِنَ الشِّعْرِ حِكْمَةً» . رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

৪৭৮৪-[২] উবাই ইবনু কা'ব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন কোন কবিতা কৌশল কেবলই। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৬১৪৫, আবূ দাউদ ৫০১০, সহীহুল জামি' ২২১৯, তিরমিয়ী ২৮৪৪, সহীহ আল আদাবুল মুফরাদ ৬৬৩, মা'রিফাতুস্ সুনান ওয়াল আসার ২৯৯৭, মুসান্নাফ 'আবদুর রায্যাক ২০৪৯৯, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৬০০৫, মুসানাদুশ্ শাফি'ঈ ১৬৮৬, মুসনাদুল বায্যার ৪৪৭০, মুসনাদে আহমাদ ২১১৫৪, দারিমী ২৭০৪, ইবনু মাজাহ ৩৭৫৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৮২২, আল মু'জামুল আওসাত্ব ২৪৮১, আস্ সুনানুল ক্বরা লিল বায়হাকী ৯৪৪৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ কবিতায় (حِکْمَةَ) আছে এর অর্থ হলো কবিতায় বাস্তবতার সাথে সামঞ্জস্যপূর্ণ সুন্দর কথাগুলো প্রজ্ঞাময় হিকমাহ্-এর একটি দিক হলো এটা মানুষকে মূর্খতা থেকে মুক্ত করে। আর কবিতায় যদি হিকমাহপূর্ণ কথা থাকে তাহলে তা কবির জ্ঞানের বহিঃপ্রকাশ ঘটে এবং মানুষ উপকৃত হয়। যেমন : উপদেশ সম্বলিত কবিতাসমূহ। (মিরক্রাতুল মাফাতীহ; ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৬১৪৫; তুহফাতুল আহ্ওয়াযী ৭ম খন্ড, হাঃ ২৮৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন